



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 3
Class - 2

Subject : Bengali Grammar
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 04.07.2020

১) 'বাঘ' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল :-

সংকেত : আকৃতি — নানা জাতের বাঘ — খাদ্য — বাসস্থান — উপকারিতা — জাতীয় পশুর মর্যাদা।

নমুনা অনুচ্ছেদ

বাঘ হিংস্র ও বন্য প্রাণী। এদের আকৃতি বিড়ালের মতো তবে বাঘ আকারে বিড়ালের চেয়ে অনেক বড়ো। বাঘের গায়ে ডোরা ডোরা দাগ আছে, মুখটা গোলাকার, পিঙ্গল বর্ণের দুটি উজ্জ্বল চোখ ও মুখে গৌঁফ রয়েছে। বাঘের দাঁত খুব তীক্ষ্ণ আর খাবায় ধারালো নখ আছে। বাঘ নানা জাতের হয় যেমন - সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগার, চিতাবাঘ, নেকড়ে বাঘ, সাদা বাঘ ইত্যাদি। এরা বনচর পশু হরিণ, গরু, ছাগল, মোষ এমনকি মানুষ মেরেও খায়। বাঘ সাধারণত লোকালয় থেকে দূরে গভীর জঙ্গলে যেখানে জল পাওয়া যায় তার ধারে-কাছেই বাস করে। বাঘের চামড়া, দাঁত ও নখ খুবই মূল্যবান। বাঘের চর্বি দিয়ে নানারকম ঔষধ তৈরি হয়। বাঘের চাল-চলন রাজকীয় তাই একে জাতীয় পশুর মর্যাদা দেওয়া হয়েছে।

_____ x _____

Rita Das